

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর  
নিরোধ শিক্ষা অধিশাখা  
৪৪১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।  
ফ্যাক্সঃ ৮৮০২-৮৮৭০০১০।

E-mail- [dgdncbd@gmail.com](mailto:dgdncbd@gmail.com), Website : [www.dnc.gov.bd](http://www.dnc.gov.bd)

নং- ৪৪.০৪.০০০০.০০৭.২৩.০৭.১৬-৫৭০

তারিখঃ ১৪ ডিসেম্বর ২০১৬।

বিষয়ঃ জানুয়ারি-২০১৭ মাসব্যাপী মাদকবিরোধী প্রচারণামূলক কর্মসূচি পালন।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আগামী ২০১৭ সালের জানুয়ারি মাসে সারাদেশে নিম্নবর্ণিত মাদকবিরোধী প্রচারণামূলক কর্মসূচি পালনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে :

ক্রঃ নং	কর্মসূচির বিবরণ	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১.	শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র-ছাত্রী ও অভিভাবকদের নিয়ে মাদকবিরোধী আলোচনা সভা এবং শিক্ষা প্রতিষ্ঠানে মাদকবিরোধী কমিটির কার্যক্রম নিয়ে ওরিয়েন্টেশন মিটিং।	জেলা/উপজেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও প্রচারণা কমিটি/জেলা শিক্ষা অফিসার/জেলা কার্যালয়, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।
২.	মাদকবিরোধী স্টিকার/পোস্টার লাগানো	উপঅঞ্চল/জেলা কার্যালয়, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।
৩.	সকল স্টেটকোলেজ/স্কুলের নিয়ে মাদকবিরোধী র্যালি।	উপঅঞ্চল/জেলা কার্যালয়, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।
৪.	সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে আলোচনাক্রমে ইংলিশ মিডিয়াম স্কুল, প্রসিদ্ধ শিক্ষা প্রতিষ্ঠান ও ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজসমূহে মাদকবিরোধী আলোচনা সভা।	উপঅঞ্চল/জেলা কার্যালয়, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।
৫.	স্থানীয় জনপুর্তিনিধি, সরকারি কর্মকর্তা, শিক্ষক-শিক্ষিকা এবং সকল শ্রেণী পেশার মানুষকে সম্পৃক্ত করে উপজেলা সদরে মাদকবিরোধী লিফলেট বিতরণ।	উপজেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও প্রচারণা কমিটি/জেলা কার্যালয়, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।
৬.	হাট-বাজার, রেলস্টেশন, বাসস্টেশনসহ বিভিন্ন জনসমাগমস্থলে মাদকবিরোধী লিফলেট বিতরণ।	উপঅঞ্চল/জেলা কার্যালয়, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।
৭.	জেলা তথ্য অফিসের সহযোগিতায় শিক্ষা প্রতিষ্ঠান, হাট-বাজার, রেলস্টেশন, বাসস্ট্যান্ডসহ বিভিন্ন জনসমাগমস্থলে মাদকবিরোধী শর্ট ফিল্ম প্রদর্শন।	উপঅঞ্চল/জেলা কার্যালয়, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।
৮.	বিভাগ/জেলায় অবস্থিত যুব উন্নয়ন অধিদপ্তর, সমাজসেবা অধিদপ্তর, মহিলা ও শিশু বিষয়ক অধিদপ্তর, শিক্ষক প্রশিক্ষণ কেন্দ্র, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, ইমাম প্রশিক্ষণ কেন্দ্রসহ সকল বিভাগ/দপ্তরে অনুষ্ঠিত প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণকারী প্রশিক্ষার্থীদের নিয়ে মাদকবিরোধী আলোচনা সভা/সেমিনার অনুষ্ঠান/শ্রেণী কক্ষে বক্তব্য উপস্থাপন।	বিভাগীয় কার্যালয়/উপঅঞ্চল/জেলা কার্যালয়, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।
৯.	জানুয়ারি, ২০১৭ মাসের প্রত্যেক শুক্রবার জমু'আর নামাজের খুৎবার পূর্বে মাদকবিরোধী বয়ান/আলোচনা।	ইসলামিক ফাউন্ডেশনের জেলা অফিস/ জেলা কার্যালয়, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।
১০.	অবেধ মাদক ব্যবসায়ী ও চোরাকারবারীদের বিরুদ্ধে মাদকবিরোধী অভিযান এবং মোবাইল কোর্ট পরিচালনা।	পুলিশ বিভাগ/বিজিবি/র‍্যাব/কোস্টগার্ড/মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের জেলা অফিস।

- ২। বিভাগীয় অতিরিক্ত পরিচালক/উপপরিচালক/সহকারী পরিচালক নিজ নিজ অধিক্ষেত্রে বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার এর সাথে পরামর্শক্রমে জানুয়ারি মাসে সুবিধামত সময়ে মাদকবিরোধী কর্মসূচি বাস্তবায়ন করবেন।
- ৩। স্থানীয় পর্যায়ে খ্যাতিমান ব্যক্তিবর্গ/সমাজসেবী/সুশীল সমাজের প্রতিনিধিদেরকে সম্পৃক্ত করে এমনভাবে কর্মসূচি বাস্তবায়ন করতে হবে যাতে তা দৃশ্যমান হয়।
- ৪। উল্লিখিত কর্মসূচির বাইরেও এলাকায় জনপ্রিয়তা বা আকর্ষণীয়তার নিরিখে আরও ইভেন্ট যেমন বিতর্ক প্রতিযোগিতা, পোস্টার, কার্টুন, ছবি আঁকা, ক্রীড়া প্রতিযোগিতা ইত্যাদি কর্মসূচি গ্রহণ করা যেতে পারে।

উপর্যুক্ত কর্মসূচি নিজ নিজ অধিক্ষেত্রে যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হ'ল।

( কে.এম. জারিকুল ইসলাম )  
পরিচালক ( নিরোধ শিক্ষা )  
ফোনঃ ৮৮৭০০৪০

বিতরণঃ

- ১। বিভাগীয় কমিশনার, .....
- ২। জেলা প্রশাসক, .....
- ৩। পুলিশ সুপার, .....
- ৪। অতিরিক্ত পরিচালক, বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, .....
- ৬। জেলা শিক্ষা অফিসার (সকল), .....
- ৭। জেলা তথ্য অফিসার (সকল), .....
- ৮। উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা মেট্রো উপঅঞ্চল/চট্টগ্রাম মেট্রো উপঅঞ্চল।
- ৯। উপপরিচালক/সহকারী পরিচালক, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, .....